গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিরাই, সুনামগঞ্জ।
www.derai.sunamganj.gov.bd

সভার নাম : হাট-বাজার ইজারা সংক্রান্ত উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সভা।
সভাপতি : জনাব মাহমুদুর রহমান মামুন, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
তারিখ : ০৩/০৫/২০২১
সময় : দুপুর ১.৩০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ এর অফিস কক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রামনুসারে) পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। ১৪২৮ বাংলা মেয়াদে দিরাই উপজেলা হাট-বাজার ইজারা প্রদানের জন্য প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাইক্রমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই এর নিকট সদয় অনুমোদনের জন্য উপস্থাপনের নিমিত্ত হাট-বাজার ইজারা সংক্রান্ত নীতিমালা ২০১১ এর ৩.১ অনুচ্ছেদ মোতাবেক উপজেলা হাট-বাজার ইজারা সংক্রান্ত মূল্যায়ন কমিটি গঠন করা হয়েছে। অত:পর তিনি বলেন যে, দিরাই উপজেলার মোট ১৭ টি হাট-বাজার ১৪২৮ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করলে ইজারা ডাকের ১ম পর্যায়ে ১১/০৩/২০২১ তারিখে প্রাপ্ত দরপত্র অনুযায়ী ০৫ টি হাট-বাজারের মধ্যে ( বাংলা বাজার, হোসেনপুর বাজার, ধল বাজার, টানাখালী বাজার ও শ্যামারচর গরুর বাজার ) ইজারা কার্যক্রম গ্রহণ করা হয়। অবশিষ্ট ১২টি হাট-বাজারের ১৪২৮ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের জন্য দরপত্র আহবান করলে ইজারা ডাকের জন্য ২য় পর্যায়ে ০৭/০৪/২০২১ তারিখে অবশিষ্ট মোট ১২টি হাট-বাজারের মধ্যে ( জগদল বাজার, এবং রাজানগর বাজার ইজারা কার্যক্রম গ্রহণ করা হয়। পরবর্তীতে অবশিষ্ট ১০টি হাট-বাজারের জন্য ৩য় পর্যায়ে ০৩/০৫/২০২১ তারিখ দরপত্রের জন্য ধার্য থাকে। ০৩/০৫/২০২১ তারিখে অবশিষ্ট মোট ১০টি হাট-বাজারের মধ্যে (১) জগদল চরনারচর বাজারের ১টি (২) শ্যামারচর সাধারণ বাজারের জন্য ১ টি দরপত্র পাওয়া গিয়েছে। প্রাপ্ত দরপত্র যাচাই-বাছাই করে প্রয়োজনীয় মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করা হয়। উপস্থিত সদস্যগণ দরপত্রগুলো যাচাই-বাছাই করে নিম্নোক্ত মতামত প্রদান প্রাপ্ত দরপত্র যাচাই-বাছাই করে প্রয়োজনীয় মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করা হয়। উপস্থিত সদস্যগণ দরপত্রগুলো যাচাই-বাছাই করে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়।

১। চরনারচর বাজার :

চরনারচর বাজার ইজারা জন্য জনাব দেবরাজ দাস, পিতা- মহেশ চন্দ্র দাস, সাং- চরনারচর, দিরাই, সুনামগঞ্জ এর নিকট হতে ৪২,০০০/-( বিয়াল্লিশ হাজার) টাকার একক ০১ (এক) টি দরপত্র (৩০% জামানতের ব্যাংক ড্রাফট সঠিক আছে) পাওয়া গিয়েছে। বাজারটির কাঙ্খিত দর ৪১,২০৮/-টাকা। প্রাপ্ত দর ৪২,০০০/-(বিয়াল্লিশ হাজার) সরকারি কাঙ্খিত দরের চেয়ে বেশি। তাই আলোচনান্তে সার্বিক দিক বিবেচনায় প্রাপ্ত দর কাঙ্খিত দরের চেয়ে বেশি হওয়ায় জনাব দেবরাজ দাস, পিতা- মহেশ চন্দ্র দাস, সাং- চরনারচর, দিরাই, সুনামগঞ্জ এর অনুকূলে ৪২,০০০/-(বিয়াল্লিশ হাজার) টাকা ইজারা মূল্যে ১৪২৮ বাংলা মেয়াদে চরনারচর বাজারটি ইজারা প্রদানের পক্ষে সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : চরনারচর বাজারটি সর্বোচ্চ দরদাতা জনাব দেবরাজ দাস, পিতা- মহেশ চন্দ্র দাস, সাং- চরনারচর, দিরাই, সুনামগঞ্জ এর অনুকূলে ১৪২৮ বাংলা সনের জন্য ইজারা প্রদানের জন্য সুপারিশ করা হয়।

৩। শ্যামারচর সাধারণ বাজার :

শ্যামারচর সাধারণ বাজার ইজারা জন্য (১) সমর চন্দ্র দাস , পিতা- মৃত হরিধন দাস, সাং-শ্যামারচর বাজার, দিরাই, সুনামগঞ্জ এর নিকট হতে ৪,০০,০০০/- (চার লক্ষ ) টাকা (৩০% জামানতের ব্যাংক ড্রাফট সঠিক আছে) ০১টি দরপত্র পাওয়া গিয়েছে। বাজারটির কাঙ্খিত দর ৫,১৩,৯১৭/- টাকা। প্রাপ্ত দর ৪,০০,০০০/- (চার লক্ষ ) সরকারি কাঙ্খিত দরের চেয়ে কম। তাই আলোচনান্তে সার্বিক দিক বিবেচনায় প্রাপ্ত দর কাঙ্খিত দরের চেয়ে কম হওয়ায় শ্যামারচর সাধারণ বাজারটি পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণের জন্য দরপত্র আহবানের বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : শ্যামারচর সাধারণ বাজারটি কাঙ্খিত দর ৫,১৩,৯১৭/- টাকা। প্রাপ্ত দর ৪,০০,০০০/- (চার লক্ষ ) সরকারি কাঙ্খিত দরের চেয়ে কম হওয়ায় পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণের জন্য দরপত্র আহবানের সুপারিশ করা হয়।

**বিবিধ** : এছাড়া যে সকল হাট-বাজার ইজারা প্রদানের সুপারিশ করা হয়েছে সেগুলোর ১ম ও ২য় দরদাতার জামানতের ব্যাংক ড্রাফট ব্যতীত অপরাপর দাখিলীয় দরদাতাদের ব্যাংক ড্রাফট ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং যে সকল হাট-বাজার ইজারার জন্য ১ম পর্যায় পর্যন্ত কোন দরপত্র পাওয়া যায়নি সেসকর হাট-বাজারগুরোকে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে। সে সকল হাট-বাজারসমূহ ইজারা প্রদানের নিমিত্তে হাট-বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি নং- ১/১৪২৮ এর সময়সূচি অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অত্র দরপত্র কমিটির সভার সিদ্ধান্ত অনুমোদনের জন্য আগামী উপজেলা পরিষদ সাধারণ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩.০৫.২১

(মাহমুদুর রহমান মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ
ও
সভাপতি
দরপত্র মূল্যায়ন কমিটি, দিরাই, সুনামগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৯০২৯.০০০.০৬.০০১.২১-৩৪১

তারিখ- ২০ বৈশাখ ১৪২৮ / ৩ মে ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য :-

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান , উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।
২. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দিরাই, সুনামগঞ্জ।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান ................. (সকল), ইউনিয়ন পরিষদ, দিরাই।
৫. অফিস কপি/মাস্টার ফাইল।

০৩.০৫.২১

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ